



জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: মিজানুল হক চৌধুরী, ম্যানেজিং ডাইরেক্টর।
তারিখ : ১১ সেপ্টেম্বর ২০২৩, সোমবার, বিকাল ৩.৩০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, জীবন বীমা কর্পোরেশন।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন এবং বক্তব্যে বলেন, সকলকে শুদ্ধাচার বাস্তবায়নে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রতি প্রান্তিকে একটি উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বাস্তবায়ন করতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে হিসাব বিভাগের ম্যানেজার ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

২। ম্যানেজার, হিসাব একত্রিকরণ ও জীবন বীমা কর্পোরেশনের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২৩-২০২৪ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা অনুযায়ী সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। রিজিওনাল অফিসসমূহ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা ১ম প্রান্তিকে চারটি সভা করবে এবং রেজুলেশন ও উপস্থিতির তালিকা প্রেরণ করবে। জীবন বীমা কর্পোরেশন কর্মকর্তা ও কর্মচারীদের চারটি প্রশিক্ষণের মাধ্যমে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করবে। কর্মপরিবেশ উন্নয়নের জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান থাকবে এবং পুরনো নথি সরকারী নিয়ম নীতি অনুসরণে বিনষ্ট কার্যক্রম গ্রহণ করবে। জেনারেল ম্যানেজার প্রশিক্ষণ অথবা অর্থ ও হিসাব নেতৃত্বে ফিডব্যাক সভা আয়োজন করা হবে।

৩। ২০২৩ ক্যালেন্ডার বছরে ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে। প্রতি প্রান্তিকে বাজেট বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। কর্পোরেশনের কোন প্রকল্প নেই। প্রকল্প না থাকায় তার পরিবর্তে দূনীতি প্রতিরোধ ও সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় অতিরিক্ত দু'টি নতুন কার্যক্রম গ্রহণের নির্দেশনা রয়েছে। তাই, এ অংশে একটি নির্ধারিত কার্যক্রম ও আরো তিনটি কার্যক্রমসহ মোট ছয়টি কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৪। আলোচনায় সভাপতি সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্টেশনারি দ্রব্যাদি ব্যবহার এবং কম্পিউটার টোনার ও প্রিন্টিং সামগ্রী ব্যবহারে সাশ্রয়ী হওয়ার পরামর্শ প্রদান করেন। উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ অডিট ও পরিদর্শন বিভাগ) বিল নিরীক্ষা করার সময় কার্যাদেশ মোতাবেক মালামাল পাওয়া গিয়েছে কিনা বা কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা তা যাচাই করে দেখবেন।

৫। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.১ জীবন বীমা কর্পোরেশনের সকল অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের স্টেশনারি দ্রব্যাদি যেমন:- কাগজ, কম্পিউটার টোনার, প্রিন্টিং সামগ্রী ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।

২য় পাতা দ্র:

Signature

- ৫.২ আর্থিক নিরাপত্তার স্বার্থে রিজিওনাল অফিস ইনচার্জ ও ডিভিশনাল অফিসের ইনচার্জের মোবাইলে জীবন বীমা কর্পোরেশনের সংগৃহীত বীমা প্রিমিয়ামের টাকা ব্যাংকে জমার মেসেজ আসার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫.৩ ১ম প্রান্তিকে বীমাগ্রাহকের অবলিখন কার্যক্রম ডিজিটাল সিস্টেমে সম্পন্ন হবে। অর্থাৎ বীমাগ্রাহকের বীমা গ্রহণের প্রস্তাবপত্রের অবলিখন কার্যক্রম ডিজিটাল সিস্টেমে নিউমারিকেল পদ্ধতিতে রিফ্র এসেসমেন্ট করতে হবে। বীমাগ্রাহক নিজ নিজ বীমা পলিসির তথ্য জীবন বীমা কর্পোরেশনের ওয়েবপোর্টালের মাধ্যমে নিজেরাই যাচাই করে নিতে পারবেন যা বাস্তবায়ন ১ম প্রান্তিকে করতে হবে।
- ৫.৩ বিদেশে ভ্রমণকারী বা পড়াশুনা করার জন্য ই-ইন্সুরেন্স সিস্টেমে মেডিক্রেইম বীমা পলিসির কার্যক্রম সম্পন্ন করতে হবে। ফলে কর্পোরেশনের সকল রিজিওনাল অফিস থেকে মেডিক্রেইম বীমা পলিসির কার্যক্রম ই-ইন্সুরেন্স সিস্টেমে সম্পন্ন করা সম্ভব হবে যা ২য় প্রান্তিকে বাস্তবায়ন করতে হবে।
- ৫.৪ মেয়াদান্তর বীমা দাবি প্রাপ্য গ্রাহক বরাবর এসএমএস (SMS) প্রদান করতে হবে যা ৩য় প্রান্তিকে বাস্তবায়ন করতে হবে।
- ৫.৫ মৃত্যু বীমা দাবি ই-ইন্সুরেন্স সিস্টেমের মাধ্যমে পরিশোধ ব্যবস্থা গ্রহণ করতে হবে যা ৪র্থ প্রান্তিকে বাস্তবায়ন করতে হবে।
- ৫.৬ উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ অডিট ও পরিদর্শন বিভাগ) সরকারি বিধি-বিধান অনুসরণ করে যাবতীয় আর্থিক বিল প্রি-অডিট করে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।
- ৫.৭ গঠিত তদন্ত কমিটি যথাযথভাবে তদন্ত করে প্রতিবেদন যথাসময়ে দাখিল করবে।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মিজানুল হক চৌধুরী
(অতিরিক্ত সচিব)
ম্যানেজিং ডাইরেক্টর

ঐ

নং ৫৩.১৯.৯০০১.০২৮.০০.০০০.২০২৩ - ৩৮৯৯ (ক)

তারিখ: ১১ সেপ্টেম্বর, ২০২৩

বিতরণ:

- ১। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
- ৩। যুগ্মসচিব, নৈতিকতা কমিটি (ফোকাল পার্সন), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। নৈতিকতা কমিটির সকল সদস্য, জীবন বীমা কর্পোরেশন।

ফোকালাল ১৯/০৯/২০২৩
(মো: ফেরদৌস আলম খান)

ম্যানেজার- হিসাব

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা